



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

তারিখ: ০২/০৫/২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## পারিপ্রবিত্তে প্রথমবর্ষের গুচ্ছ পদ্ধতির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত

(০২-০৫-২০২৫): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের সমন্বিত গুচ্ছভুক্ত প্রথম বর্ষের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠিত হয়েছে। সারাদেশের গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ে একই সঙ্গে সকাল ১১টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এক ঘণ্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার্থী ছিল ৫৪১৫ জন। পরীক্ষায় উপস্থিতির হার শতকরা ৯২.৩৫ শতাংশ।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল আওয়াল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. শামীম আহসান পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, পরীক্ষা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালকসহ পরীক্ষা সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। এর আগে তাঁরা পরীক্ষার্থীদের অভিভাবকদের বসার স্থানে যান এবং তাদের সঙ্গে কথা বলেন। অভিভাবকদের জন্য বিশুদ্ধ খাবার পানি, স্যালাইন, বিস্কুটের ব্যবস্থা করা হয়েছিল। পরীক্ষা গ্রহণের ব্যবস্থাপনা, গাড়ি পার্কিংসহ সামগ্রিক আয়োজন নিয়ে অভিভাবকরা সন্তোষ প্রকাশ করেন।

পরীক্ষা শেষে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল আওয়াল বলেন, পরীক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে সে জন্য আমরা সুযোগ সুবিধা বাড়িয়েছি। উত্তরবঙ্গের শিক্ষার্থীরা এখানে বেশি এসেছে। আমাদের শিক্ষক ছাড়াও পাবনার সুনামদায়ক স্কুল-কলেজের শিক্ষকরা পরীক্ষা গ্রহণ করেছেন। গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা সফলভাবে সম্পন্ন করার চেষ্টা করেছি। স্বল্পসময়ে ফল প্রকাশ করা হবে। পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় আমি আমাদের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, প্রক্টরিয়াল বডি, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, সরকারের আইনশৃঙ্খলা বাহিনীসহ পাবনাবাসীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

প্রসঙ্গত 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ০৯ মে সকাল ১১ থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে এ ইউনিটের আওতাভুক্ত স্থাপত্য বিভাগের পরীক্ষা বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

০২/০৫/২৫

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২